



এবতেদায়ী মাদ্রাসা সংক্রান্ত
কমিটি যে সুপারিশ করবে
সরকার তা বাস্তবায়ন করবে
-সংসদে শিক্ষা উপমন্ত্রী

সংসদ রিপোর্টার : এবতেদায়ী মাদ্রাসা সংক্রান্ত ব্যাপারে ডঃ মুস্তাফিজুর রহমানের নেতৃত্বে গঠিত কমিটি যে সুপারিশ করবে সরকার তা বাস্তবায়ন করবে। শিক্ষা উপমন্ত্রী আবদুস সালাম পিটু গতকাল (সোমবার) জামায়াতে ইসলামীর মাওলানা আবদুল আজিজ (গাইবান্ধা-১০-এর মনোযোগ আকর্ষণী নোটিশের জবাব দানকালে একথা বলেন। জনাব আজিজ তার নোটিশে প্রতিটি ইউনিয়নে ১টি করে সরকারী এবতেদায়ী মাদ্রাসা ও প্রতিটা ওয়ার্ডে ১টি করে রেজিস্টার্ড এবতেদায়ী মাদ্রাসা প্রতিষ্ঠার দাবী জানান। উপমন্ত্রী আবদুস সালাম পিটু বলেন, ১৮ হাজার ১৯৫টি এবতেদায়ী মাদ্রাসার মধ্যে ১ হাজার ৫৮৩টি সরকারী অনুদান পায়। বিগত আওয়ামী লীগ সরকার নতুন করে একটি এবতেদায়ী মাদ্রাসাকেও অনুদানের আওতায় আনেনি। আমাদের সরকার গঠিত হওয়ার পর ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ডঃ মুস্তাফিজুর রহমানের নেতৃত্বে ১৩ সদস্য বিশিষ্ট উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটি গঠন করা হয়েছে। এই কমিটি এবতেদায়ী মাদ্রাসাকে প্রাথমিক বিদ্যালয়ের মতো বিনামূল্যে পাঠ্যপুস্তক প্রদান, শিক্ষকদের অনুদান প্রদান, শিক্ষার্থীদের জন্য উপবৃত্তি ইত্যাদি সম্ভাব্যতা পরীক্ষা-নিরীক্ষা করে সুপারিশ করবে।